

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৯৫৩

তেলিয়ামুড়া, ১ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
তেলিয়ামুড়া ব্লকের হাওয়াইবাড়ি  
গ্রাম পঞ্চায়েতে দুদিন ব্যাপী শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি তেলিয়ামুড়া ব্লকের হাওয়াইবাড়ি গ্রাম পঞ্চায়েতে দুদিন ব্যাপী শিবির অনুষ্ঠিত হয়। ব্লকের হাওয়াইবাড়ি, পশ্চিম হাওয়াইবাড়ি, তুইসিন্দ্রাই গ্রাম পঞ্চায়েত এবং দক্ষিণ হুদ্রাই ও সর্দুকরকরি ভিলেজকে নিয়ে এই শিবির অনুষ্ঠিত হয়। দুদিন ব্যাপী শিবিরে তেলিয়ামুড়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৯৯টি পিআরটিসি, ৫২টি এসটি, ২৮টি এসসি, ৩০টি ওবিসি, ২৮টি ম্যারেজ সার্টিফিকেট ও ৯৪টি আরওআর-এর আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া শিবিরে প্রধানমন্ত্রী মাত্রু বন্দনা যোজনায় ৮ জন সুবিধাভোগীকে আর্থিক সহায়তা দেওয়া হয়। শিবিরে স্বাস্থ্য দপ্তর থেকে ১৭৫ জনের চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়।

\*\*\*\*\*